

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৬৭৩

পর্ব-১৮: প্রশাসন ও বিচারকার্য (كتاب الإمارة والقضاء)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

اَلْفَصِلُ الْأُوَّلُ

### আরবী

وَعَنْ وَائِلِ بْنِ حُجْرٍ قَالَ: سَأَلَ سَلَمَةُ بْنُ يَزِيدَ الْجُعْفِيُّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا نَبِيَّ اللَّهِ أَرَأَيْتَ إِنْ قَامَتْ عَلَيْنَا أُمْرَاءُ يَسْأَلُونَا حَقَّهُمْ وَيَمْنَعُونَا حَقَّنَا فَمَا تَأْمُرُنَا؟ قَالَ: «اسْمَعُوا وَأَطِيعُوا فَإِنَّمَا عَلَيْهِمْ مَا حُمِّلُوا وَعَلَيْكُمْ فَي اللّهُ عَلَيْهُ مَا عَلَيْهِمْ عَلَيْهِمْ فَي اللّهُ فَيَا عَلَيْهِمْ فَيْكُمْ فَي اللّهَ عَلَيْهُمْ فَي اللّهُ فَيْلُوا وَعَلَيْكُمْ فَا حُمِّلُوا وَعَلَيْكُمْ فَي اللّهُ فَيَا تَأْمُونَا فَيَا لَهُ فَي اللّهُ فَيْكُمْ فَي فَيْمُ فَيْلُوا وَعَلَيْكُمْ فَا حُمِّلُوا وَعَلَيْكُمْ فَا حُمِّلُوا وَعَلَيْكُمْ فَي اللّهَ فَي اللّهُ فَيْلُونَا حَقَيْلُ وَلَا عَلَيْهُمْ وَيَعْمَلُوا وَعَلَيْكُمْ فَي اللّهُ فَي اللّهُ فَيْنَا فَلَا اللّهِ فَيْ وَلَا فَعَلَا عَلَيْكُمْ فَي عَلَيْكُمْ فَي فَيْ وَلِي فَا فَا عَلَيْكُمْ فَي اللّهُ فَيْكُمْ فَي اللّهُ فَيْكُمْ فَي اللّهُ فَيْ اللّهُ فَيْلُونُ وَا فَعَلْمُ لَا عُمْرًا لَهُ فَلُونَا فَقَالُمُ وَيَعْمُونَا فَقَالَا فَعَا لَا لَهُ فَا عَلَيْكُمْ فَي فَا فَأَلْمُ لَعُوا فَعَلَا فَيْعُوا فَا فَعَلْمُ وَا وَعَلَيْكُمْ مَا حُمِّلُوا وَعَلَيْكُمْ مَا حُمِّلُوا وَعَلَيْكُمْ فَا عَلَيْكُمْ فَا عَلَيْكُوا وَعَلَيْكُمْ فَا عَلَيْكُمْ وَالْمُ اللّهُ فَا عَلَيْكُمْ فَا عَلَيْكُمْ فَا عَلَيْكُمْ فَا عَلَيْكُمْ فَا عَلَيْكُمْ فَا عَلَالِهِ فَالْمُ لِلْمُ فَا عَلَيْكُمْ فَا عَلَيْكُمْ فَا عَلَالِهُ فَا عَلَالَهُ فَا لَا لَا لَا عَلَيْكُمْ فَا عَلَالْمُ فَا عَلَالَالْمُ لِلْمُ فَا عَلَالَالْمُ فَا عَلَالَالُهُ فَا عَلَالَالَالِهُ فَالْمُالِمُ فَالْمُ فَا عَلَالَالُهُ فَا عَلَالُهُ فَا عُلْمُ فَا عَلَالَهُ فَا عَلَالَالُهُ فَا عَلَالِمُ فَا عَلَالِهُ فَا عَلَالِهُ فَالْمُ فَا عَلَالِهُ فَا عَلَالِهُ فَا عَلَيْكُمْ فَا عَلَالِهُ فَا عَلَالِهُ فَا عَلَالِهُ فَا عَلَالِهُ فَالْمُلْعُلُوا فَا فَالْمُنْ فَالِمُ فَا عَلَيْكُوا فَا فَاللّهِ فَالَ

### বাংলা

৩৬৭৩-[১৩] ওয়ায়িল ইবনু হুজর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন সালামাহ্ ইবনু ইয়াযীদ আল জু'ফী (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলেনঃ হে আল্লাহর নবী! আপনি আমাদেরকে এ ব্যাপারে কি নির্দেশ দেন, যদি আমাদের ওপর এমন শাসক চেপে বসে যারা আমাদের থেকে স্বীয় হক আদায় করে নেয়। অথচ তারা আমাদের প্রতি হক আদায় করে না। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ তাদের আদেশ মান্য করো এবং আনুগত্য করো। কেননা তাদের কর্তব্য তাদের ওপর অর্পিত দায়িত্ব পালন করা। আর তোমাদের কর্তব্য তোমাদের ওপর অর্পিত দায়িত্ব পালন করা। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১৮৪৬, তিরমিয়ী ২১৯৯, সহীহাহ্ ৩১৭৬, সহীহ আল জামি ৯৮৪।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীস থেকে প্রমাণিত হয় যে, রাষ্ট্রনায়ক বা শাসক ও সাধারণ মানুষ সকলের জন্য কিছু দায়িত্ব ও কর্তব্য রয়েছে তা বাস্তবায়ন বা পালন করা অপরিহার্য। শাসকের দায়িত্ব সাধারণ জনগণের ওপর ইনসাফ কায়িম করা, গনীমাতের মাল প্রদান করা ইত্যাদি। আর জনগণের দায়িত্ব হলো শাসকের কথা প্রবণ করা এবং কথার আনুগত্য করা, বিপদের সময় ধৈর্য ধারণ করা, শাসকের কাজে সহায়তা করা। সুতরাং উভয়ের জন্য জরুরী হলো তার ওপর অর্পিত দায়িত্ব পালন করা ও সীমালজ্যন না করা।



এই মর্মে মহান আল্লাহ তা'আলা নির্দেশ করেন : বলুন, আল্লাহর আনুগত্য কর এবং রসূলের আনুগত্য কর। অতঃপর যদি তোমরা মুখ ফিরিয়ে নাও তবে তার ওপর ন্যস্ত দায়িত্বের জন্যে সে দায়ী এবং তোমাদের ওপর ন্যস্ত দায়িত্বের জন্য তোমরা দায়ী। তোমরা যদি তাঁর আনুগত্য কর তবে সৎ পথ পাবে। রসূলদের দায়িত্ব তো কেবল সুস্পষ্টরূপে পৌঁছে দেয়া।

উপরে উল্লেখিত আয়াত ও হাদীস দ্বারা বুঝা যায় যে, শাসকের ওপর আল্লাহ তা আলা যে দায়িত্ব দিয়েছেন তা প্রতিষ্ঠা (বাস্তবায়ন) করা জরুরী। যেমন জনগণের মাঝে সমতা সৃষ্টি করা, আদল প্রতিষ্ঠা করা ইত্যাদি যখন তারা এটা কায়িম করবে না তখন তাদের ওপর পাপ হবে। আর তোমাদের যে দায়িত্ব দেয়া হয়েছে, যেমন কথা শোনা, আনুগত্য করা, অধিকার আদায় করা। যখন তোমরা এটা সম্পাদন করবে তখন তোমাদেরকে আল্লাহ তা আলা সাওয়াব প্রদান করবেন। (তুহফাতুল আহওয়ায়ী ৬ষ্ঠ খেড, হাঃ ২১৯৯; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন